

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
প্রশাসন-১ শাখা
Web: www.lgd.gov.bd

নং-৪৬. ০৩৯. ০০৫. ০০. ০০. ০০১. ২০১১-১০৬১

তারিখঃ ১৮-০৮-২০১১ খ্রিঃ

অফিস আদেশ

স্থানীয় সরকার বিভাগের ২৭/৭/২০১১ তারিখের ৪৬.০৩৯.০০৫.০০.০০.০০১.২০১১-৯৮১ নং স্মারকে জারীকৃত কর্মবন্টন আংশিক সংশোধনপূর্বক পানি সরবরাহ-২ শাখা ও পানি সরবরাহ-৩ শাখার (বর্তমানে অধিশাখা) কার্যাদি পূর্ণনির্ধারণ করা হলঃ

নং	শাখা/অধিশাখার নাম	কর্মবন্টন
০১	পানি সরবরাহ-২ শাখা	১. ঢাকা ওয়াসা এবং চট্টগ্রাম ওয়াসার সকল প্রশাসনিক কার্যক্রম। ২. ঢাকা ওয়াসা এবং চট্টগ্রাম ওয়াসার উন্নয়ন প্রকল্পের অর্থ ছাড়করণ। ৩. নতুন ওয়াসা সৃষ্টি সংক্রান্ত। ৪. উর্দ্ধতন কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত অন্যান্য দায়িত্ব পালন।
০২	পানি সরবরাহ-৩ শাখা (বর্তমানে অধিশাখা)	০১. খুলনা ওয়াসা এবং রাজশাহী ওয়াসার সকল প্রশাসনিক ও উন্নয়নমূলক কার্যক্রম। ০২. খুলনা ওয়াসা এবং রাজশাহী ওয়াসার উন্নয়ন প্রকল্পের অর্থ ছাড়করণ। ০৩. নিরাপদ পানি সরবরাহ নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন। ০৪. আর্সেনিক সমস্যা নিরসনে জাতীয় নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন। ০৫. নিরাপদ পানি সরবরাহ সংক্রান্ত নীতি, বিধি ও উপ-বিধি প্রণয়ন ও বাস্তবায়ন। ০৬. পানি সরবরাহ, স্যানিটেশন ও আর্সেনিক নিরসন সংক্রান্ত বিভিন্ন উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন। ০৭. পানি সরবরাহ, স্যানিটেশন ও আর্সেনিক সংক্রান্ত উন্নয়ন প্রকল্পের প্রশাসনিক কার্যক্রম। ০৮. সংশ্লিষ্ট উন্নয়ন প্রকল্পের জনবল নিয়োগ, বিদেশী বিশেষজ্ঞ নিয়োগ সংক্রান্ত প্রশাসনিক কার্যাবলী। ০৯. প্রকল্প সমূহের অর্থ ও ব্যবস্থাপনা কার্যাবলী (অগ্রগতি প্রতিবেদন প্রণয়ন, ছাড়পত্রকরণ ইত্যাদি)। ১০. নিরাপদ পানি সরবরাহ, স্যানিটেশন ও আর্সেনিক নিরসন সংক্রান্ত কর্মশালা, সভা, সেমিনার আয়োজন। ১১. আর্সেনিক সমস্যা নিরসনে জাতীয় নীতিমালা বাস্তবায়ন কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান। ১২. সেক্টর ডেভেলপমেন্ট ফ্রেমওয়ার্ক, সেক্টর ডেভেলপমেন্ট প্রোগ্রাম প্রণয়ন ও বাস্তবায়ন। ১৩. পানি সরবরাহ ও স্যানিটেশন সংক্রান্ত জাতীয় ফোরামকে সাচিবিক সহায়তা প্রদান। ১৪. আর্সেনিক সংক্রান্ত বিশেষজ্ঞ কমিটিতে সাচিবিক সহায়তা প্রদান। ১৫. পানি সরবরাহ ও স্যানিটেশন সংক্রান্ত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/উন্নয়ন সহযোগী সংস্থা ও প্রকল্পের সাথে সমন্বয় সাধন। ১৬. পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন সংক্রান্ত প্রকাশনা/প্রতিবেদন প্রণয়ন। ১৭. পানি সরবরাহ ও স্যানিটেশন সংক্রান্ত বিবিধ কার্যক্রম। ১৮. উর্দ্ধতন কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত অন্যান্য দায়িত্ব পালন। ১৯. প্রকল্প পরিদর্শন।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হল।

(মোঃ যাহিদ হোসেন)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৭১৬৯১৭৯

ই-মেইল lgadmin1@lgd.gov.bd

তারিখঃ ১৮-০৮-২০১১

নং-৪৬. ০৩৯. ০০৫. ০০. ০০. ০০১. ২০১১-১০৬১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ-

- ০১। অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ০২। যুগ্ম-সচিব(প্রশাসন/পাস/উন্নয়ন)/মহাপরিচালক(মইই), স্থানীয় সরকার বিভাগ।
- ০৩। উপ-সচিব/উপ-প্রধান(), স্থানীয় সরকার বিভাগ।
- ০৪। সিনিয়র সহকারী সচিব/ সিনিয়র সহকারী প্রধান(), স্থানীয় সরকার বিভাগ।
- ০৫। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।

(মোঃ যাহিদ হোসেন)
সিনিয়র সহকারী সচিব